# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org

**০৮/০৬/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির জরুরী সভার কার্যবিবরণীঃ**

অদ্য ০৮/০৬/২০১৮ইং শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকায় ডিকেআইবি ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং সভা পরিচালনা করেন আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ,কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন আলহাজ্ব মোঃ আজিজুল হক, সহ-সভাপতি, পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সাংগঠনিক সম্পাদক, পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু শান্তিময় চাকমা, সহ-সাংগঠনিক সম্পাদক।

জসিম উদ্দিন, এসএপিপিও, মোহনপুর, রাজশাহী, মোজাহারুল ইসলাম, এসএএও(অবঃ), পবা, রাজশাহী, আঃ জলিল, এসএএও, ঘাটাইল, টাংগাইল, শরিফুল ইসলাম, এসএএও, সদর, চাঁপাইনবাবগঞ্জ সহ গত সভার পর হতে অদ্যাবদি যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং মোহাম্মদ আলী চৌধুরী, সভাপতি, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, একেএম জহিরুল হক মিয়া, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, মোঃ সিরাজুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, মোঃ মোখলেছুর রহমান, প্রচার, প্রকাশনা ও তথ্য বিষয়ক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি সহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন আলহাজ্ব মোঃ আজিজুল হক, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উদ্যোগে বাংলাদেশের ইতিহাসে ১ম বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপন করায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি গত ১০/০৫/২০১৮ইং থেকে ৩০/০৫/২০১৮ইং তারিখের মধ্যে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সকল জেলা শাখা ও উপজেলা শাখা থেকে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি সফলভাবে পেশ করায় উপজেলা এবং জেলার নেতৃবৃন্দকে সংগঠনের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে উদ্দেশ্যমূলক ভাবে ও হয়রানিমূলক বদলীর অপচেষ্টার বিরুদ্ধে সতর্ক অবস্থানসহ যে কোন পরিস্থিতি মোকাবেলার জন্য সকল সদস্যকে প্রস্তুত থাকার আহবান জানান। সভাপতি মহোদয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে বিরাজমান বর্তমান পরিস্থিতি হতে উত্তরনের জন্য কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নিরলস ভূমিকা পালনের জন্য সভাপতি ও মহাসচিবসহ কেআইবি নেতৃবৃন্দকে আন্তরিক ধন্যবাদ ও মোবারকবাদ জ্ঞাপন করেন। ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল সহ ২য় শ্রেণীতে উন্নয়নের জন্য কৃষিবিদ ও ডিপ্লোমা কৃষিবিদদের প্রাণপ্রিয় ও শ্রদ্ধেয় নেতা জনাব আ ফ ম বাহাউদ্দিন নাছিম, এমপি মহোদয়ের আপ্রাণ প্রচেষ্টার জন্য তাঁর ভূয়ষী প্রশংসা করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর মহাসচিব সাহেবকে সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

মহাসচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় মাঠ পর্যায়ে কতিপয় দুর্নীতিবাজ কৃষিবিদ, ডি. কৃষিবিদ কর্মকর্তা/কর্মচারীর দুর্নীতি ও ষড়যন্ত্রের বিরুদ্ধে স্বোচ্চার হওয়ায় সকলকে ধন্যবাদ জানান ও মাঠ পর্যায়ে সকলকে সজাগ থাকার আহবান জানান। গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন।

গত ২৭/০৪/২০১৮ইং তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির রেজুলেশন সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ-

সিদ্ধান্ত-০১ঃ ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের লক্ষ্যে গত ২৭/০৫/২০১৮ইং তারিখে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির সভাটি অনিবার্য কারণবশত স্থগিত হওয়ায় পুনরায় বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির সভাটি আহবান করে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়নের জন্য মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো। এই কাজের অগ্রগতির জন্য বিভিন্ন দপ্তর, মন্ত্রণালয় ও সচিবালয়ের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০২ঃ মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে দেশ যখন এগিয়ে যাচ্ছে, ঠিক সে সময় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কতিপয় অসৎ ও দুর্নীতিবাজ সরকারী কর্মকর্তা/কর্মচারীর দুর্নীতির কারণে তা বাধাগ্রস্থ হচ্ছে ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কলঙ্কিত হচ্ছে। যা মোটেই কাম্য নয়। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী প্লট বাস্তবায়নে এবং কৃষকদের প্রদানের জন্য বরাদ্দকৃত অর্থের ভাংতি বিবরণী/পরিচ্ছন্নপত্র প্রদর্শনীর সাথে জড়িত উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের প্রদান করার জন্য এবং কৃষকদেরকে অবহিত করনসহ তাদের ন্যায্য প্রাপ্য প্রদান করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। এ বিষয়ে মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে প্রয়োজনীয় কার্য্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৩ঃ কৃষি মন্ত্রণালয়াধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশাসনকে স্বচ্ছ, দক্ষ ও নিরপেক্ষ করে পক্ষপাতহীন আচরণ, ন্যায়বিচার এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে মহাপরিচালক মহোদয়কে নিরপেক্ষতার সাথে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৪ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান এবং সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদধারীগণ দীর্ঘদিন যাবৎ তাদের ন্যায্য অধিকার প্রাপ্তি থেকে বঞ্চিত রয়েছেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সদয় দৃষ্টি প্রদানের জন্য নিম্ন বর্ণিত ন্যায্য দাবী সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০১। ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতি/কোটা সংরক্ষণঃ

(ক) উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে এএইও/সমমান পদে পদোন্নতি প্রদানের প্রক্রিয়া দ্রুততর করা।

(খ) বি.সি.এস(কৃষি) ক্যাডারের প্রারম্ভিক এইও পদে ডিপ্লোমা কৃষিবিদ এএইও থেকে পদোন্নতির জন্য ফিডার পদে বর্তমান চাকুরির মেয়াদ ০৫ বছর থেকে কমিয়ে ০১বছর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(গ) বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে সংরক্ষিত ২০% কোটায় ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের চলতি দায়িত্ব প্রদান করা ।

(ঘ) বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় ডিপ্লোমা কৃষিবিদদের পদোন্নতি কোটা ২০% থেকে ৩৩.৩৪% এ উন্নীত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

০২। সরকারী নীতির আলোকে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১৪/১২/২০১৫ইং তারিখ পর্যন্ত (গ্রেডেশন নং-৭৭০৬ থেকে ৭৮৮৫পর্যন্ত মোট ১৮৪ জনের) সিলেকশনগ্রেড প্রদান করা।

০৩। ক) উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান গ্রেডেশন তালিকা হাল নাগাদ করা।

খ) এএইও/সমমান পদধারীদের গ্রেডেশন তালিকা হাল নাগাদ করা।

০৪। উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা (এসএপিপিও) পদে পদায়নের জন্য সুষ্ঠু নীতিমালা প্রণয়ন করা।

০৫। কৃষক প্রশিক্ষণে ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের অংশ গ্রহণ নিশ্চিত করা।

০৬। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ডিপ্লোমা কৃষিবিদদের জন্য বিদেশ প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা।

০৭। **Revisit** রিভিউতে পরিমার্জন/সংশোধনের মাধ্যমে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ কর্মকর্তাদের বিলুপ্তকৃত পদ গুলো পুনঃস্থাপন বা সংযোজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ।

০৮। উদ্ভিদ সংগনিরোধ উইং এর পূর্বের কেন্দ্র গুলো সহ নবনির্মিত কেন্দ্র সমূহে পিকিউআই পদ সৃষ্টি করা।

০৯। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে ফার্ম ম্যানেজারের পদ সৃষ্টি করা।

১০। হর্টিকালচার সেন্টার গুলোর আয়তন পূর্বের ন্যায় নির্ধারণ করা এবং নার্সারী তত্ত্বাবধায়কের পদ সৃষ্টি করা।

১১। মাঠ পর্যায় ব্লক খালি রেখে উজেলা, জেলা এবং অঞ্চল পর্যায়ে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদে কর্মরতদের প্রেষণ/মৌখিক আদেশ বাতিল করা।

১২। উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের অতিরিক্ত দায়িত্বভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।

১৩। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প সমূহ স্বচ্ছতার সাথে বাস্তবায়নের নীতিমালা প্রণয়ন করা।

১৪। উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের হায়ার পারচেজ ভিত্তিতে মোটর সাইকেল প্রদানের ব্যবস্থা করা।

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন করে উপরোক্ত সমস্যা সমূহ দ্রুত সমাধান করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (ডিকেআইবি) এর নির্বাচন/২০১৮ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সময় বর্ধিত করার প্রস্তাবনা জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

(খ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (ডিকেআইবি) এর নির্বাচন/২০১৮ উপলক্ষ্যে ভোটার তালিকা হালনাগাদ করার জন্য সদস্য নবায়ন ফরম পূরণ করে ৩১ জুলাই ২০১৮ এর মধ্যে কেন্দ্রে জমা প্রদানের প্রস্তাবনা জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৬ঃ ডিকেআইবি ভবন সংলগ্ন মোহাম্মদপুর মেট্রোপলিটন কৃষি অফিসটি অতিদ্রুত অন্যত্র সরানোর জন্য মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় এবং মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ২৭/০৪/১৮ইং তারিখে কেন্দ্রীয় নির্বাহী কমিটির জরুরী সভার সিদ্ধান্ত অনুযায়ী স্মারকলিপি প্রদান কর্মসূচী সফলভাবে সম্পন্ন হওয়ায় জেলা এবং উপজেলার নেতৃবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। যেসকল জেলা তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করেন নাই তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত-০৮ঃ জনাব মোঃ ফিরোজ আকতার, উপ-সভাপতি, ডিকেআইবি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি এর সংগঠন ও গঠনতন্ত্র বিরোধী বিভিন্ন কার্যক্রমের সাথে সরাসরি জড়িত থাকা, সংগঠনের বিরোধিতা, সংগঠনকে অসহযোগীতা, সংগঠনের জন্য ক্ষতিকর কাজে লিপ্ত থাকা এবং সংগঠনের কেন্দ্রীয় সভাপতির বিরুদ্ধে মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন লিফলেট প্রকাশ ও সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দের মাঝে ডাকযোগে ও বিভিন্ন প্রচার মাধ্যমে অপপ্রচার এবং ডিকেআইবি এর বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক সভা করায় গঠনতন্ত্রের ৬.২, ৬.৩ ও ৬.৪ ধারা মোতাবেক সদস্য পদসহ কেন্দ্রীয় নির্বাহী কমিটির উপ-সভাপতি এবং ঢাকা জেলার সভাপতি পদ থেকে সাময়িক বরখাস্ত করা হলো। একই সাথে সহ-সভাপতি জনাব আলাউদ্দিন আহমেদকে তার নিজ দায়িত্বসহ কেন্দ্রীয় নির্বাহী কমিটির উপ-সভাপতির পদে অতিরিক্ত দায়িত্বভার প্রদান করা হলো এবং গঠনতন্ত্র মোতাবেক ঢাকা জেলার সভাপতির দায়িত্ব পালন করার সিদ্ধান্ত গৃহিত হলো। বিষয়টি জাতীয় কমিটির সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৯ঃ ফরিদপুর জেলার সদর উপজেলার বহিস্কৃত সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম এর আবেদনের প্রেক্ষিতে এবং জেলা কমিটির সুপারিশের প্রেক্ষিতে তার বহিস্কার আদেশ প্রত্যাহারের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১০ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, প্রধান কার্যালয় এর নতুন ঠিকানায় অফিসের ব্যবহারের জন্য ৫০০০ (পাঁচ) হাজার প্যাড ও প্রাথমিক সদস্য সনদ পত্রের কার্ড ৩০০০(তিন) হাজার মুদ্রণের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১১ঃ (ক) ডিকেআইবির সকল প্রকার চাঁদা, ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত বার্ষিক চাঁদা ও কল্যাণ চাঁদা (২০১৮ সালের সমুদয় চাঁদা নতুন গঠনতন্ত্র অনুযায়ী), ডিপ্লোমা কৃষিবিদ মহাসম্মেল-২০১৭ এর বিশেষ বকেয়া চাঁদা অতিদ্রুত পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। উল্লেখ্য সদস্য নবায়ন ফি জনপ্রতি ১০০/- টাকা হারে (নতুন ও পুরাতন সদস্য সকলের জন্য প্রযোজ্য) কেন্দ্রে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(খ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয় ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭ এ ভবন নির্মানের যাবতীয় ব্যয়ভার মেটানোর জন্য ডিকেআইবি সদস্য প্রতি ধার্য্যকৃত বিশেষ চাঁদা যে সকল জেলা পরিশোধ করেন নাই তাদেরকে অতিদ্রুত কেন্দ্রে জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১২ঃ (ক) গত ২৭/০৪/২০১৮খ্রিঃ থেকে ০৭/০৬/২০১৮খ্রিঃ পর্যন্ত ........................................................................ ............................................................................................................................................................. ................................ জমা আছে মর্মে অর্থ সম্পাদক সকলকে অবহিত করেন।

(খ) ডিকেআইবি এর কল্যাণ তহবিলে ২৭/০৪/১৮খ্রিঃ থেকে ০৭/০৬/১৮/১৮খ্রিঃ তারিখ পর্যন্ত ........................................ ................................................................................................................ জমা আছে মর্মে অর্থ সম্পাদক সকলকে অবহিত করেন।

(গ) আগামী কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভায় ভাউচার উপস্থাপনের পূর্বে জনাব ফকির মোঃ বেলায়েত হোসেন, সহ-সভাপতি এবং মোঃ নাসির উদ্দিন বিশ্বাস মুকুল, সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক ভাউচার যাচাই বাছাইপূর্বক সুপারিশ সহকারে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-১৩ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়ন সহ দুর্নীতির বিরুদ্ধে স্মারকলিপি পেশ করায় বিভিন্ন জেলায় ডিপ্লোমা কৃষিবিদ নেতৃবৃন্দ সহ উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের বিরুদ্ধে যে সকল কৃষি কর্মকর্তা, উপপরিচালক এবং অতিরিক্ত পরিচালক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন, হয়রানি মূলক বদলী করেছেন এবং অনুরুপ কার্যক্রম করার পাঁয়তারা করছেন তাদের বিরুদ্ধে অত্র সভায় তীব্র নিন্দা ও ক্ষোভ জ্ঞাপন করা হলো। অনতিবিলম্বে হয়রানি মূলক বদলীর আদেশ বাতিল সহ এহেন অপকর্ম থেকে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-এ টি এম আবুল কাশেম
সভাপতি

স্মারক নং- ডিকেআইবি/ কে স-১১১ তারিখঃ ০৮/০৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৫. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৬. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৭. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৮. মাননীয় সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯. মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১. মাননীয় মহাপরিচালক, বি,এ,আর,আই/বি,আর,আর,আই/ বি.জে.আর.আই/ বিনা/ বি.এস.আর.আই, ................................................ ।
১২. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/ মাননীয় পরিচালক, ...................................................... ।
১৩. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ............... অঞ্চল/ মাননীয় অধ্যক্ষ, এটিআই, ...................... ।
১৪. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................. জেলা।
১৫. সভাপতি/মহাসচিব, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ।
১৬. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৭. প্রধান নির্বাচন কর্মকর্তা, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা।
১৮. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ................. অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
১৯. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ............ উপজেলা শাখা, .......... জেলা।
২০. জনাব .................................................................................... ।

(আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান)
মহাসচিব
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭